

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহাপরিচালকের কার্যালয়  
যুব উন্নয়ন অধিদপ্তর, যুব ভবন  
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।  
[www.dyd.gov.bd](http://www.dyd.gov.bd)

স্মারক নং-৩৪.০১.০০০০.০২৮.৪৮.০০৫.১৫- ২৬৫

তারিখঃ- ০৪/০৬/১৭ খ্রিঃ

বিষয়ঃ- যুব উন্নয়ন অধিদপ্তর হতে প্রশিক্ষণপ্রাপ্ত ও আত্মকর্মসংস্থানে নিয়োজিতদের তথ্য ওয়েবসাইটে আপলোড সংক্রান্ত।

সূত্রঃ ১। ৩৪.০১.০০০০.০২৮.৪৮.০০৫.১৫-৪৬৩, তারিখ-০৯/১১/২০১৬ খ্রিঃ।

২। ৩৪.০১.০০০০.০২৮.৪৮.০০৫.১৫-১০, তারিখ-০৯/০১/২০১৭ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে শেষবারের মত জানানো যাচ্ছে যে, অধিদপ্তরের বিভিন্ন উপজেলা কর্তৃক সৃজিত আত্মকর্মীদের তথ্য সমৃদ্ধ (তালিকা) ইলেকট্রনিক তথ্য ভান্ডার তৈরী করার কাজ প্রায় ২ বছর পূর্বে শুরু করা হয়েছে। এই প্রক্রিয়ায় প্রায় সকল উপজেলা হতে ফাইল ট্রান্সফার পদ্ধতিতে বেশ কিছু তথ্য ওয়েবসাইটে পাঠানোর পর কার্যক্রমটিতে হ্রবিরতা বিরাজ করছে।

লক্ষ্য করা যায় যে, ফাইল ট্রান্সফার পদ্ধতিতে প্রেরিত তথ্যাদি স্থির (স্ট্যাটিক) অর্থাৎ এটিকে হালনাগাদ করার সুযোগ নেই। এ প্রেক্ষাপটে ওয়েবসাইটে ইতোপূর্বে প্রেরিত তথ্য গতিশীল (ডাইনামিক) করার লক্ষ্যে একটি কনভারটার সফটওয়্যার তৈরী করা হয়েছে। এর মাধ্যমে ইতোপূর্বে প্রেরিত তথ্যাদিকে যেমন গতিশীল করা যাবে তেমনি ভবিষ্যতে প্রেরিতব্য সকল তথ্য সরাসরি স্ব-স্ব ডাটাবেজে এন্ট্রি দেয়া যাবে। তবে ইতোপূর্বে প্রেরিত তথ্যাদিকে কনভারশন সফটওয়্যারের মাধ্যমে স্বয়ংক্রিয়ভাবে কনভার্ট করার লক্ষ্যে প্রেরিত তথ্যাদিতে প্রয়োজনীয় সংশোধন দিয়ে এক্সেল ফাইলে রূপান্তর করে পুনরায় পাঠাতে একাধিকবার নির্দেশনা প্রদানসহ কর্মশালাগুলোতে বিস্তারিত আলোচনা করা হলেও সফলতা যথেষ্ট কম। যেসব উপজেলা হতে এক্সেল ফাইলে তথ্য পাঠানো হয়েছে এবং কনভার্ট করে স্ব-স্ব উপজেলার ডাটাবেজে স্থানান্তর করা হয়েছে তার তালিকা নিম্নরূপঃ

নং	জেলার নাম	উপজেলার নাম	নং	জেলার নাম	উপজেলার নাম
০১	যশোর	মনিরামপুর, কেশবপুর, অভয়নগর, বাঘারপাড়া, ও চৌগাছা	০২	ফরিদপুর	নগরকান্দা
০৩	সাতক্ষীরা	সদর, আশাশুনি, কালিগঞ্জ ও কলারোয়া	০৪	চট্টগ্রাম	মিরসরাই
০৫	মাগুরা	সদর ও শালিকা	০৬	মানিকগঞ্জ	সদর, সাটুরিয়া ও শিবালয়
০৭	নারায়ণগঞ্জ	আড়াইহাজার	০৮	নরসিংদী	শিবপুর, পলাশ, বেলাবো ও রায়পুরা
০৯	খুলনা	খালিশপুর	১০	কুষ্টিয়া	সদর

তালিকার পরিধি হতে বুঝা যায় বর্ণিত বিষয়ে প্রায় শতভাগ উপজেলারই ভূমিকা অত্যন্ত মন্থর, যা কোনভাবেই কাঙ্ক্ষিত নয়। উল্লেখ্য যে, বেশ কিছু উপজেলা হতে এক্সেল ফাইলে তথ্য পাঠানো হয়েছে, যাতে (-), ,, ।। চিহ্ন ব্যবহার করা হয়েছে এবং তারিখ লিখার ক্ষেত্রে আট ডিজিট ব্যবহার করা হয়নি। ফলে তাদের তথ্য কনভার্ট করা সম্ভব হচ্ছে না। কাজেই সূত্রোক্ত ১ এবং ২নং পত্রের নির্দেশনা অনুসরণ করে পূর্বে প্রেরিত তালিকায় বর্ণিত ত্রুটি পরিহারপূর্বক এক্সেল ফাইলে রূপান্তর করে প্রেরণসহ হালনাগাদ তথ্য বাধ্যতামূলকভাবে ৩০-০৭-২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে ওয়েবসাইটে প্রেরণ নিশ্চিত করতে চূড়ান্তভাবে অনুরোধ করা হলো।



(এরশাদ-উর-রশীদ)

পরিচালক(দাঃ বিঃ ও ঋণ)

ফোনঃ ৯৫৬১৩৫৩

Email ershaddyd@gmail.com

১। উপ-পরিচালক (সকল)

যুব উন্নয়ন অধিদপ্তর.....জেলা।

২। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা (সকল)

যুব উন্নয়ন অধিদপ্তর.....উপজেলা.....জেলা।

স্মারক নং-৩৪.০১.০০০০.০২৮.৪৮.০০৫.১৫- ২৬৫

তারিখঃ- ০৪/০৬/১৭ খ্রিঃ

অনুলিপি বিতরণঃ

০১। কম্পিউটার প্রোগ্রামার, আইসিটি, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

০২। শাখার উপ-পরিচালক ও সহকারী পরিচালকগণ স্ব-স্ব বিভাগের আওতাধীন জেলা উপজেলার সাথে নিবিড় যোগাযোগ ও তদারকির মাধ্যমে নির্ধারিত সময়ে কাজ শেষ করার বিষয়ে পরামর্শ ও নির্দেশনা প্রদান করবেন।

০৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

০৪। অফিস কপি।